

তথ্যনির্দেশ

১। ক) ৬০০ থেকে ৫০০ খ্রিস্টপূর্বাব্দের মধ্যে “ঐতরেয় আরণ্যক” লেখা হয়। ১৯৯৮ সালে প্যাট্রিক অলিভেলের পর্যালোচনা অনুযায়ী, ঐতরেয়োপনিষদ্ সম্ভবত প্রাক-বৌদ্ধ যুগের উপনিষদ্। তাঁদের মতে এই উপনিষদের রচনাকাল আনুমানিক খ্রিস্টপূর্ব ৬ষ্ঠ থেকে ৫ম শতাব্দীর মধ্যবর্তী সময়।

The Early Upanishads: Annotated Text and Translation, Oxford University Press, Page (12–13). Patrick Olivelle.

খ) বিপ্লব দাসগুপ্ত রচিত, European Trade and Colonial Conquest, Page:7.

২। ঐতরেয় আরণ্যকে সর্বপ্রথম বঙ্গ নামের উল্লেখ আছে। সুকুমার সেন; বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, প্রথম খণ্ড।

৩। The Aitareya Aranyaka, Arthur Berriedale Keith, Page: 212. The Sacred Book of East; F Max Muller.

৪। (ক) শ্রুতি শব্দটি প্রাচীন বৈদিক সাহিত্যে পাওয়া যায়, বিশেষ করে ছান্দোগ্যোপনিষদ্ এর ৭.১৩ অনুচ্ছেদে।

(খ) স্মৃতি সাহিত্য হচ্ছে বৈচিত্রময় গ্রন্থের এক সংকলন। মহাভারত ও রামায়ণ, ধর্মসূত্র এবং ধর্মশাস্ত্র, অর্থশাস্ত্র, বিভিন্ন পুরাণ, কাব্য ইত্যাদি।

৫। ভাবগতভাবে আরণ্যক ব্রাহ্মণ-এর নিকটবর্তী। ধর্ম সম্পর্কে শ্রুত বা দৃষ্ট আদি চিন্তাসমূহকে বলা হয় ‘শ্রুতি’।

৬। শ্রুতি সাহিত্যে ৭৬ টি গ্রন্থমালা পাওয়া যায়। ৪টি বেদ, ৬টি বেদাঙ্গ, ১৮টি ব্রাহ্মণ ও ৯টি আরণ্যক। তাছাড়া ১৩টি উপনিষদ, ৪টি উপবেদ, ২০টি সংহিতা বা স্মৃতি বা নীতিশাস্ত্র ও ২টি সমন্বয়ী – গীতা ও ব্রহ্মসূত্র এর অন্তর্ভুক্ত।

৭। স্কটিশ অধ্যাপক আর্থার কিথ ছিলেন একজন ভারততত্ত্ববিদ ও সংস্কৃত পণ্ডিত। ফ্রিডরিখ ম্যাক্সমুলার একজন সমাজতাত্ত্বিক ও ভারতবিশারদ।

৮। <http://www.sacred-texts.com/hin/sbe01/sbe01202.html>